গাজীপুরে শ্রমিক বিক্ষোভ, কোনাবাড়ীতে সাউন্ড গ্রেনেড-টিয়ারশেল নিক্ষেপ



ছবি: সংগৃহীত

গাজীপুরের কোনাবাড়ীতে এক শ্রমিকের মৃত্যুর গুজব ছড়িয়ে পড়লে সড়ক অবরোধ করে বিক্ষোভ করেন পোশাকশ্রমিকরা। তাঁদের সরাতে পুলিশ সাউন্ড গ্রেনেড ও টিয়ারশেল নিক্ষেপ করে। একই দিন বেতন বাড়ানোর দাবিতে গাজীপুরের আরও দুটি স্থানে ঢাকা-ময়মনসিংহ মহাসড়ক অবরোধ করেন শ্রমিকেরা।

মঙ্গলবার (২৪ নভেম্বর) সকালে কোনাবাড়ীর ইসলাম ও রিপন গার্মেন্টসে এক শ্রমিকের মৃত্যুর খবর ছড়িয়ে পড়লে শ্রমিকরা কাজে যোগ না দিয়ে বিক্ষোভ শুরু করেন। পরে ওই দুই কারখানাসহ আশপাশের কয়েকটি কারখানায় সাধারণ ছুটি ঘোষণা করা হয়।

পুলিশ ও শ্রমিক সূত্র জানায়, সকালে লাঠিসোঁটা নিয়ে আঞ্চলিক সড়ক অবরোধ করেন শ্রমিকরা। পুলিশ তাঁদের বুঝিয়ে সরানোর চেষ্টা করলে পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে। পরে সকাল পৌনে ১০টার দিকে টিয়ারশেল ও সাউন্ড গ্রেনেড ছুড়ে তাঁদের ছত্রভঙ্গ করে পুলিশ। কোনাবাড়ী থানার ওসি ইফতেখার হোসেন জানান, শ্রমিকরা সড়ক অবরোধের চেষ্টা করলে তাঁদের সরিয়ে দেওয়া হয়েছে।

এদিকে বেতন বাড়ানোর দাবিতে সকাল সাড়ে ৯টার দিকে গাজীপুর সদর উপজেলার মেম্বারবাড়ি ও বাঘের বাজারের নতুন বাজার এলাকায় ঢাকা-ময়মনসিংহ মহাসড়ক অবরোধ করেন বিভিন্ন কারখানার শ্রমিকরা। এতে মহাসড়কে যান চলাচল বন্ধ হয়ে যায়। প্রায় পৌনে এক ঘণ্টা পর অবরোধ তুলে নেওয়া হলে যান চলাচল স্বাভাবিক হয়। এ সময় ভোগান্তিতে পড়েন যাত্রীরা।